

নূতন পাঠক্রম

ত্রিস্তরীয়

২০১৫

বাংলা

(সাধারণ)

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৩ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ — ক

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫×২

- (ক) গৌরচন্দ্রিকা ও গৌরাজ্ঞ বিষয়ক পদের পার্থক্য নির্দেশ করে তোমাদের পাঠ্য পদগুলির মধ্যে থেকে একটি গৌরচন্দ্রিকা পদের আলোচনা করো।

- (খ) আগমনী ও বিজয়াগানে রামপ্রসাদের কৃতিত্ব নিরূপণ করে।
- (গ) বীরঙ্গনা কাব্যের 'সোমের প্রতি তারা' পত্রিকায় বিধৃত তারা চরিত্রটি বিশ্লেষণ করে।
- (ঘ) 'বলাকা' কাব্যগ্রন্থের শঙ্খ (তোমার শঙ্খ ধূলায় পড়ে) কবিতাটির কাব্যসৌন্দর্য বিন্মুতভাবে আলোচনা করে।
- (ঙ) শাস্ত্র ধর্মের সঙ্গে শাস্ত্রত সত্য ধর্মের সংঘর্ষই 'বিসর্জন' নাটকের ভিত্তিভূমি — আলোচনা করে।

বিভাগ — খ

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫

- (ক) আগমনী ও বিজয়া গানের সামাজিক তাৎপর্য আলোচনা করে।
- (খ) 'সখি কি পুছসি অনুভব মোয়' — বঙ্গ কে? এটি কার পদ? পদটির কাব্যসৌন্দর্য সংক্ষেপে আলোচনা করে। ১+১+৬
- (গ) 'সন্ধ্যারাগে বিলিমিলি' কবিতাটিতে 'বলাকা' কাব্যগ্রন্থের মূল সুর কীভাবে ফুটে উঠেছে বিচার করে। ৮
- (ঘ) 'মাধব বহুত মিশতি কবি তেয়' — পদকর্তার নাম ও পদপর্যায় উল্লেখ করে বৈকল্পিক পদাবলীতে এই পদপর্যায়ের গুরুত্ব বিচার করে। ৮

- (ঙ) 'বিসর্জন' নাটকে মহারাজ গোবিন্দ মাণিক্যের চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৮
- (চ) চরিত্রগুলির দ্বন্দ্বহীনতা বিসর্জন নাটকের একটি ত্রুটি। — মন্তব্যটি পর্যালোচনা করো। ৮
- (ছ) 'বীরঙ্গনা' কাব্যে শকুন্তলা কোন্ অর্থে বীরঙ্গনা সংক্ষেপে আলোচনা করো। ৮
- (জ) পত্রকাব্য হিসাবে বীরঙ্গনা কতখানি সার্থক বিচার করো। ৮

বিভাগ — গ

- ৩। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৪×৫
- (ক) কণ্টকগাড়ি কমলসম পদতল / মঞ্জুর চীরহি ঝাঁপি — কার লেখা কোন্ পর্যায়ের পদ? পদটির তাৎপর্য বিচার করো। ২+২
- (খ) 'অক্ষুর তপন তাপে যদি জারব' — কোন্ পর্যায়ের পদ? কার রচনা? পদটির অর্থ সংক্ষেপে লেখো। ১+১+২
- (গ) শাক্ত পদাবলীতে পরিস্ফুট গার্হস্থ্য জীবন সংক্ষেপে আলোচনা করো। ৪
- (ঘ) শাক্ত পদাবলীর তাত্ত্বিক ভিত্তি সম্পর্কে সংক্ষেপে লেখো। ৪

(ঙ) 'ওরে বাহী, / ধূসর পায়ের ধূলা সেই তোর ধাত্রী' -- 'বলাকা' কাব্যগ্রন্থের কোন্ কবিতা থেকে অংশটি নেওয়া হয়েছে? 'তোর' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে? 'ধূসর পাথের ধূলা তার ধাত্রী' কেন বিচার করো।

১+১+২

(চ) 'সিংহাসন তোলে শির যজ্ঞবেদী পরে' -- কোন্ প্রসঙ্গে কে কাকে এই উক্তিটি করেছেন? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

২+২

(ছ) 'বীরাঙ্গনা' কাব্যটি কোন্ পাশ্চাত্য কবির কোন্ কাব্যের প্রেরণায় রচিত? কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে এবং এই উৎসর্গের তাৎপর্য কী?

২+২

(জ) 'চিহ্ন তব পড়ে আছে, তুমি হেথা নেই' -- চিহ্নটি কী? 'তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে? উদ্ধৃতাংশটির মূল ভাব ব্যক্ত করো।

১+১+২

(ঝ) 'আমি' ক্ষুদ্র নারী, / অভিশাপ দিয়ে গেলু তোর' -- কোন্ প্রসঙ্গে কে কাকে এই উক্তিটি করেছেন? তার দেওয়া অভিশাপের তাৎপর্য লেখো।

২+২